# লা-তাহযান [হতাশ হবেন না]

বিভাগ/অধ্যায়ঃ লা-তাহযান - অনুচ্ছেদ সূচি

রচয়িতা/সঙ্কলকঃ ড. আয়িদ আল করনী

## ২০০. কল্যাণে ভরপুর এক ধর্ম

ইসলাম ধর্ম মু'মিন বান্দাকে বিশাল পরিসরের কল্যাণ ও পুরস্কারের প্রতিশ্রুতি দেয়। এটা এমন সব কল্যাণের প্রতিশ্রুতি দেয়, যা তাকে সর্বদা সত্যপথে থাকতে উৎসাহ দেয় এবং এমন সব পুরস্কারের প্রতিশ্রুতি দেয়, যা আখেরাতের জন্য তার আশাকে বাড়িয়ে তোলে। যেসব আমল গুনাহ মুছে ফেলে (যেমন সালাত) ইসলামে এমন সব আমল অনেক আছে।

যেমন একটি আমলে সালেহ বা নেক আমল দশ গুণ, সাতশত গুণ, এমনকি আরো অনেক অনেক গুণ বেশি বাড়ানো হয়। আরেকটি উদাহরণ হলো দুঃখ-কষ্ট, অভাব-অনটন ও যে কোন সংকট, যখনই কোন মু'মিন বান্দা কোন সংকটে পড়ে তখনই তার কিছু পাপ মাফ করে দেয়া হয়। মুসিবতের সময় মু'মিন বান্দা অন্যান্য মু'মিন বান্দাদের দোয়ার দ্বারাও উপকৃত হয়।

وَإِن تَعُدُّوا نِعْمَةَ اللَّهِ لَا تُحْصُوهَا

আর যদি তোমরা আল্লাহর নেয়ামতকে গণনা কর তবে তোমরা তা গণনা করে শেষ করতে পারবে না।" (১৬-সূরা নাহলঃ আয়াত-১৮)

"আর তিনি তোমাদের উপর তার প্রকাশ্য ও অপ্রকাশ্য উভয় নেয়ামতসমূহ পূর্ণ করে দিয়েছেন।" (৩১-সূরা লোকমানঃ আয়াত-২০)

[প্রকাশ্য নেয়ামত বলতে বুঝায় ইসলামী তাওহীদ (একত্ববাদ) ও স্বাস্থ্য, সৌন্দর্য ইত্যাদিসহ এ পৃথিবীর বৈধ আমোদ-প্রমোদ। অপ্রকাশ্য নেয়ামত বলতে বুঝায় আল্লাহর প্রতি ঈমান, ইলম (জ্ঞান), হেকমত (প্রজ্ঞা), আমলে সালেহ করার জন্য পথ-নির্দেশ বা হেদায়েত এবং আখেরাতে জান্নাতের আমোদ-ফুর্তি]

Source — https://www.hadithbd.com/books/link/?id=7708

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন